

৮। অনুদান পাওয়ার জন্য সাংস্কৃতিক প্রতিষ্ঠানের যোগ্যতা :

- (ক) বিবেচ্য প্রতিষ্ঠানসমূহকে অবশ্যই দেশের সুস্থ ও সৃজনশীল কর্মকাণ্ডের সহায়ক হতে হবে।
- (খ) সাধারণভাবে দেশে নিয়মিতভাবে সংগীত, নৃত্য, নাটক, চারুকলা বিষয়ক সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করছে এমন প্রতিষ্ঠান ও গোষ্ঠী অনুদান পাওয়ার যোগ্য হবে।
- (গ) বিশেষ বিবেচনায় যাত্রাদল, সার্কাসদল, যাদু প্রতিষ্ঠান, পাল্পগান, অঙ্কচিত্র, পুতুলনাচ, আবৃত্তি, গম্ভীর, আলকাপ, জারী, কবিগান ইত্যাদি দল/গোষ্ঠীসহ লোক সংস্কৃতির অন্যান্য মাধ্যমের প্রতিষ্ঠানসমূহ এর অন্তর্ভুক্ত হতে পারে।
- (ঘ) সংস্কৃতির ক্ষেত্রে জাতীয় পর্যায়ের গ্রুপ/সংস্থার (ফেডারেটিভ বডি) সদস্য হলে বিশেষ যোগ্যতা বলে বিবেচিত হবে।
- (ঙ) সাংস্কৃতিক প্রতিষ্ঠান এর গঠনতন্ত্র এবং কার্যকরী কমিটি থাকতে হবে।
- (চ) সাংস্কৃতিক প্রতিষ্ঠান এর একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।

৯। সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের অনুদান প্রাপ্তির অযোগ্যতা :

- (ক) নিয়মিত সাংস্কৃতিক কার্যক্রম নেই এমন সকল প্রতিষ্ঠান/গোষ্ঠী।
- (খ) সাধারণ শিক্ষা প্রতিষ্ঠান, রাজনৈতিক দলের অঙ্গসংগঠন, সমিতি বা ক্লাব।
- (গ) বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত সংগঠন ও সংস্থা।
- (ঘ) গঠনতন্ত্র এবং কার্যকরী কমিটি নেই এমন প্রতিষ্ঠান/গোষ্ঠী।

১০। সাংস্কৃতিক প্রতিষ্ঠান বাছাই পদ্ধতি :

- (ক) কেন্দ্রীয়ভাবে মন্ত্রণালয় গণ মাধ্যমে অনুদান প্রদান সংক্রান্ত তথ্য প্রচারের ব্যবস্থা করবে।
- (খ) আগ্রহী প্রতিষ্ঠানসমূহ নির্ধারিত ফরমে ঢাকা মহানগর ও জেলা কমিটির সভাপতি বরাবর নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করবে। ঢাকা মহানগরের ক্ষেত্রে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর মহাপরিচালকের নিকট আবেদন করতে হবে।
- (গ) অনুদান পাওয়ার উপযুক্ত সাংস্কৃতিক প্রতিষ্ঠান বাছাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি দায়িত্ব পালন করবে।
- (ঘ) প্রতিষ্ঠান বাছাই এর পর মতামতসহ সভাপতি সুপারিশকৃত তালিকা সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।